অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/15/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

যদি আপনি দেখে না থাকেন: নিউ ইয়র্ক টাইমসে গভর্নর কুউমোর উপসম্পাদকীয় -- প্রেসিডেন্ট ট্রাম্পের উদ্দেশ্যে অ্যান্ড্রু কুউমো: করোনাভাইরাস মোকাবেলায় জাতির এখনই সামষ্টিক ফেডারেল পদক্ষেপের প্রয়োজন

আজ, করোনাভাইরাস সঙ্কট মোকবেলায় সামরিক বাহিনীকে কার্যকারী করতে প্রেসিডেন্ট ট্রাম্পের প্রতি গভর্নর অ্যান্ড্রু এম. কুউমোর আহ্বানের বিষয়ে একটি উপসম্পাদকীয় প্রকাশ করেছে নিউ ইয়র্ক টাইমস। দ্যা নিউ ইয়র্ক টাইমস কর্তৃক প্রকাশিত উপসম্পাদয়কীয়ের লেখাটি পাওয়া যাবে এখানে।

উপসম্পদকীয়ের সম্পূর্ণ লেখাটি নিচে দেওয়া হল:

প্রিয় মি. প্রেসিডেন্ট,

করোনাভাইরাস মহামারী এখন আমাদের উপরে চড়াও হয়েছে এবং অন্যান্য দেশগুলোর উপাত্ত আমাদের স্পষ্টভাবে দেখাচ্ছে যে আমরা কোনদিকে চলেছি।

এই সংকটমুহূর্তে আক্রান্ত প্রতিটি দেশ এটি জাতীয় ভিত্তিতে নিয়ন্ত্রণ করেছে। মার্কিন যুক্তরাষ্ট্র তা করছে না। কেবল একাকী স্টেট এবং স্থানীয় সরকারগুলোর প্রয়োজনীয় বিষয়সমূহ করার ক্ষমতা বা সংস্থান নেই এবং আমরা নীতিমালার জোড়াতালি দেয়া আস্তরণ চাই না।

আপনার পক্ষে আপনার দলের উত্তর দেওয়ার জন্য এখন কেবলমাত্র একটি প্রশ্ন রয়েছে: আমরা কি এই রোগের বিস্তারকে এমন হারে কমিয়ে আনতে পারবো যাতে আমাদের স্টেটের স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থা এটিকে সামলাতে পারবে? উত্তরটি ক্রমশই না বলে মনে হচ্ছে।

তবে এর অর্থ এটি নয় যে আমাদের চেষ্টা চালানো অনুচিত। এই শেষ সময়ে পছন্দমতো বেছে নেবার মত অল্প কিছু বিষয় উপলভ্য রয়েছে, তবে ফেডারেল সরকারের উচিত এগুলো দ্রুত বাস্তবায়নের জন্য পদক্ষেপ নেওয়া। আমাদের তিনটি প্রকট প্রতিবন্ধকতার সমাধান করতে হবে:

পরীক্ষা-নিরীক্ষা

পরীক্ষা এবং জনসমাগমের ঘনত্ব হ্রাস করা করোনাভাইরাসের বিস্তার কমানোর একটি প্রক্রিয়া। সুতরাং, মি. প্রেসিডেন্ট, প্রথমে, আপনাকে অবশ্যই খাদ্য ও ওষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA) এবং রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (Centers for Disease Control and Prevention) রোগ নির্ণয়ের প্রক্রিয়াটি নিয়ন্ত্রণ করা থেকে বিরত রাখতে হবে এবং পরীক্ষা এবং পদ্ধতির বিস্তৃত বিন্যাসের প্রত্যয়ন দানের জন্য স্টেটসমূহকে অনুমোদিত করতে হবে।

শুক্রবারে, আপনি বলেছিলেন যে আপনার প্রশাসন নিউ ইয়র্ক স্টেটের জনস্বাস্থ্য অধিদপ্তরকে (New York State's public health department) স্থানীয় ল্যাবগুলোতে স্টেট অনুমোদিত করোনাভাইরাস পরীক্ষা করার ক্ষমতাপ্রদানের অনুমতি দিতে সম্মত হয়েছে - যা প্রথম একটি ভাল পদক্ষেপ। আপনার প্রশাসন সুইস ডায়াগনস্টিকস নির্মাতা রোচে (Roche) কর্তৃক উচ্চ-আয়তনের স্বয়ংক্রিয় পরীক্ষার অনুমোদনও দিয়েছে।

তবে এই পদক্ষেপসমূহ অপর্যাপ্ত। অন্যান্য গবেষণাগার রয়েছে যারা উচ্চ-আয়তনের করোনাভাইরাসের পরীক্ষায় রোচের সরঞ্জাম ব্যবহার করে না। অন্যান্য গবেষণাগার রয়েছে যারা উচ্চ-আয়তনের করোনাভাইরাসের পরীক্ষায় রোচের সরঞ্জাম ব্যবহার করে না। শুক্রবারে রোচের প্রাপ্ত অনুমোদনের ধরণ ব্যতীত, এই যন্ত্রসমূহ F.D.A.'র অনুমোদন ছাড়া আর ব্যবহার করা যাবে না।

এর অর্থ হল নিউ ইয়র্ক যখন দিনে কয়েক হাজার পরীক্ষা চালাচ্ছে, আমরা তখনও আমাদের সম্পূর্ণ পরীক্ষা করার সামর্থ্যের নিচে রয়েছি কারণ অনেকগুলো পরীক্ষাগার এখনও নিম্ন-আয়তনের হস্তকৃত পরীক্ষার উপর নির্ভর করছে।

মি. ট্রাম্প, আমলাতন্ত্রকে এই ভাইরাসের বিরুদ্ধে লড়াইয়ের পথে আসতে দেবেন না। এই অচলাবস্থা ভাঙ্গুন, স্টেটসমূহকে পরীক্ষার দায়িত্ব পুরোপুরি গ্রহণ করতে দিন যাতে তারা আগামীতে শত শত পরীক্ষাগার কাজে লাগাতে পারে এবং পরীক্ষার ক্ষেত্রে মাত্রা আনতে পারে। এই সংক্রামনের দ্রুত বিস্তারের সাথে সামঞ্জস্য রাখতে এটি আমাদের একমাত্র সুযোগ।

বন্ধ করা

দ্বিতীয়ত, স্কুল এবং ব্যবসা প্রতিষ্ঠান বন্ধের ফেডারাল প্রভাব রয়েছে, এমনকি এগুলো স্টেটের বা স্থানীয় সিদ্ধান্ত হলেও। যখন কোনও রাষ্ট্র একতরফাভাবে ব্যবসা বন্ধ করে দেয়, লোকেরা সাধারণত অন্য কোথাও উন্মুক্ত ব্যবসা সন্ধানের জন্য স্টেটের সীমা অতিক্রম করে। যদি আমাদের নাগরিকদের বাড়িতে এবং জনাকীর্ণ স্থানের বাইরে রাখা উদ্দেশ্য হয়, তবে রাষ্ট্রের নীতিমালায় এ জাতীয় অসঙ্গতি প্রতিরোধমূলক। শহর ও স্টেট বাণিজ্য এবং স্কুল বন্ধ করলে বা অনুষ্ঠান বাতিল করতে গেলে তার জন্য একটি অভিন্ন ফেডারেল মানদণ্ড থাকা উচিৎ।

এই সমস্ত ব্যাঘাতের প্রচুর আর্থিক এবং অর্থনৈতিক প্রভাব পড়বে, এবং আঘাতটি কমাতে ফেডারেল সহায়তার প্রয়োজন হবে। স্কুলগুলো বন্ধ হয়ে গেলে, স্থানীয়দের শিক্ষার্থীদের জন্য ভোজন কর্মসূচি

এবং পিতামাতার জন্য চাইল্ড-কেয়ার কর্মসূচি আয়োজন করতে সহায়তা প্রয়োজন হবে। বীমা, স্বাস্থ্যসেবা এবং শিক্ষার ব্যয়ের মত, বেকারত্ব আকাশচুম্বী হবে।

ফেডারাল সরকারকে কেবল সহায়তা উপলভ্য করলেই হবে, তাদের নিশ্চিত করতে হবে যে এর সহায়তা সুস্পষ্ট, অভিন্ন উপায়ে বিতরণ করা হয়েছে। এই সংকটপূর্ণ অবস্থায় কোনও স্টেটের বাসিন্দাদের রক্ষা করার চেষ্টা করার ক্ষেত্রে সঠিক কাজ করার জন্য কোনও স্টেটকে শাস্তি দেওয়া উচিৎ হবে না।

হাসপাতালের ঝুঁকিসমূহ

তৃতীয়, আপনাকে অবশ্যই অনুধাবন করতে হবে যে, তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ না করলে, হাসপাতাল ব্যবস্থাসমূহের আসন্ন ব্যর্থতা নিশ্চিত। একটি অভিক্ষেপ অনুসারে, আমাদের দেশের প্রায় 214 মিলিয়ন মানুষ মহামারী চলাকালীন সময়ে সংক্রামিত হতে পারে। যাদের মধ্যে, প্রায় 21 মিলিয়ন লোককে হাসপাতালে ভর্তির প্রয়োজন হতে পারে।

এটি দেশের চিকিৎসা ব্যবস্থাকে নষ্ট করবে। নিউ ইয়র্ক স্টেটের হাসপাতালে মাত্র 53,470 টি শয্যা রয়েছে, এর মধ্যে কেবলমাত্র 3,186টি নিবিড় পরিচর্যার শয্যা রয়েছে। আমাদের সামগ্রিকভাবে চীন, দক্ষিণ কোরিয়া বা ইতালির চেয়ে আনুপাতিকভাবে এক মিলিয়ন হাসপাতালের শয্যার ঘাটতি রয়েছে।

আপনার বিশেষজ্ঞদের জিজ্ঞাসা করুন, আমাদের দুর্বল জনগোষ্ঠীর জন্য আমাদের কতগুলো নিবিড় পরিচর্যা শয্যা দরকার এবং এখন আমাদের কয়টি আছে? এই অভাব ইটালিতে আমরা যা দেখছি তার চেয়েও বড় ব্যর্থতা এবং আরও খারাপ পরিস্থিতিকে চিহ্নিত করে, যেখানে সেই দেশের স্বাস্থ্যসেবার সক্ষমতা নেই বলেই প্রাণহানি হচ্ছে।

স্টেটগুলো আরও বেশি হাসপাতাল তৈরি, ভেন্টিলেটর অর্জন বা পর্যাপ্ত সুযোগ দ্রুত পরিবর্তন করতে পারবে না। এই মুহূর্তে, আমাদের সর্বোত্তম আশা হল সামরিক ঘাঁটি বা কলেজ ছাত্রাবাসের মতো - অস্থায়ী চিকিৎসা কেন্দ্র হিসাবে সেবাদানের জন্য বিদ্যমান ফ্যাসিলিটিসমূহ পুনর্নির্মাণ এবং সজ্জিত করার জন্য এর দক্ষতা, সরঞ্জাম এবং জনবল অর্জনের জন্য সেনাবাহিনীর প্রকৌশলী বিভাগকে (Army Corps of Engineers) কাজে লাগানো। তারপরে আমরা মারাত্মক অসুস্থদের জন্য হাসপাতালের বিদ্যমান শয্যা নির্ধারণ করতে পারবো।

আমরা বিশ্বাস করি সক্রিয় সেনাবাহিনীর বিশেষ বিভাগের কর্মীদের ব্যবহার ফেডারেল আইন লঙ্ঘন করবে না কারণ এটি একটি জাতীয় বিপর্যয়। এই কাজও পর্যাপ্ত নিবিড় পরিচর্যা শয্যা সরবরাহ করবে না, তবে এটি আমাদের সর্বোত্তম ভরসা।

সংক্ষিপ্তাকারে: পরীক্ষা-নিরীক্ষা স্থানীয়করণ, অতলাবস্থাকে রাষ্ট্রীয়করণ এবং হাসপাতালের সক্ষমতা বাড়ানোর জন্য সেনাবাহিনীর প্রকৌশলীদের নিয়োজিত করুন।

আমি এই পরামর্শগুলো একজন ডেমোক্র্যাট হিসাবে নয়, দেশের অন্যতম প্রবীণ গভর্নর এবং প্রাক্তন মন্ত্রিপরিষদ সচিব হিসাবে দিচ্ছি যে ফেডারেল সরকারের সক্ষমতা সম্পর্কে অবগত।

নিউ ইয়র্কের বিরুদ্ধে আপনার কার্যকলাপ সম্পর্কে আমাদের মতবিরোধ ছিল, যা আমরা অন্য সময়ে পশ্চাদ্ধাবন করা করতে পারবো। বর্তমানে, আমেরিকান হিসাবে একসাথে কাজ করা যাক। সময় খুব বেশী নেই।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন